

তিনটি কবিতা: ইভা-মারিয়া বার্গ
অনুবাদ: সুহাদ শহীদুল্লাহ
য়েল্লুদা হিম্যান এর ইংরেজি অনুবাদ থেকে

বার্লিন

চোখের ভেতরে এখন
খুব বেশি রোদ
দেয়াল কত যে রঙিন
শিল্পকর্মের মতো
সুন্দরের এই নকশা
জেগে উঠছে
নতুন সব বাড়ির মুখে
যেন ধ্বসংস্তুপ
ভস্ম হয়নি কোনোকালে--
বরং হয়েছে ফোনিব্র
জীবন-ঘনিষ্ঠ পাখি

অপূরণীয়া

এবং আবার সমুদ্র
মানুষের মাঝখানে সীমান্তরেখা
এবং আবার সেই সীমান্ত
কেবল ভৌগলিকভাবে পরিষ্কার
কিন্তু একাকি কোনো
হারানো স্পেস নয়
স্মৃতি টিকে আছে
সমুদ্র তো প্রায় ভুলেই গেছে
ভুলে গেছে কবে সৈকতে যেতে

কোনো কাহিনি নয়

দ্রুততর গতির ভেতর
কোনো কাহিনি
বলা হচ্ছে না ফের
কলম কথা বলছে
শেষ থেকে শুরুকে
আলাদা করার মতো
এক অসম্ভব বিষয়ে

